জুলাই-২০২৬ বর্ষ: ০৩ সংখ্যা: ০৫

BIPD
BANGLADESH INSTITUTE FOR PROFESSIONAL DEVELOPMENT

ঘরোয়া মুখপত্র

বিআইপিডি কথামালা

এ সংখ্যায় রয়েছে

- মহাপরিচালকের ডেস্ক থেকে....০১
- বিআইপিডি সংবাদ....০২–০৪
- বীমা শিল্পে এ্যাকচুয়ারি: বাংলাদেশে এই পেশার গুরুত্ব ও অবস্থা....০৫–০৬
- বিআইপিডি আয়োজিত বীমা বিষয়ক রচনা প্রতিযোগিতা....০৭–১০
- বিআইপিডি আয়োজিত ওয়ার্কশপ ও প্রফেশনাল কোর্সসমূহ....১১–১৬
  - AI for All: Transforming Industries, Empowering the Future....১১
  - Effective Claims Settlement Program....১২
  - Certified Insurance Professional (CIP)....১৩
  - Modern Insurance Survey & Loss Assessment....১৪
  - Practical Aspects of Marine Cargo Insurance....১৫
  - Critical Issues of Reinsurance Market in Bangladesh....১৬
- চিত্রে বিআইপিডি প্রশিক্ষণ কর্মশালা (ছবি কথা বলে)....১৭-১৯
- বিআইপিডি কোর্স ক্যালেন্ডার (জুলাই'২০২৬–জুন'২০২৭)....২০

Corporate Office:
Dilkusha Center (Floor-9, Suite # 904)
28 Dilkusha C/A, Dhaka-1000
Tel: +88 02 223389112 www.bipdedu.org

গ্রন্থনায়: মো: মোশফেকুল করীম, প্রশিক্ষক
প্রচ্ছদ ও অলংকরণ: কামরুজ্জামান, আইটি
প্রকাশনায়: জনসংযোগ বিভাগ, বিআইপিডি

মহাপরিচালকের ডেস্ক থেকে

পেশাদারী উৎকর্ষতা (Professional Excellence) অর্জনের মূল সমস্যার ক্ষেত্রে যে বিষয়টিকে চিহ্নিত করা হয়, তাহলো দুর্নীতির পঞ্চভুজ কাঠামো (Pentagon of Corruption) যা রাজনৈতিক পক্ষপাতিত্ব; আমলাতান্ত্রিক জটিলতা, আর্থিক অসচ্ছতা, দীর্ঘসূত্রতা এবং নৈতিক অবক্ষয়ের সমন্বয়ে গঠিত। আমরা মনে করি যে, এই ব্যবস্থার সংস্কার না হওয়ার প্রধান কারণ হলো মানবিক দুর্বলতা ও পদ্ধতিগত দুর্বলতা। এক্ষেত্রে আমরা পুরো পদ্ধতি পরিবর্তন না করে পুরোনো বা লিগ্যসী সিস্টেমের উপর AI আধুনিক টুলস্থাপন করার প্রস্তাব করেছি যাতে প্রাতিষ্ঠানিক কাজে কোন বড় ধরণের ব্যাঘাত না ঘটে। এ কার্যক্রম সম্পাদনে দ্বিমুখী লক্ষ্য থাকবে (ক) পেশাগত স্বচ্ছতা নিশ্চিত করা (Professional Transparency) এবং (খ) কর্মীদের দক্ষতা বৃদ্ধি করা (Staff competency)। এই লক্ষ্য বাস্তবায়নের উপায় হলো কর্মীদের উপর আস্থা রাখা এবং তাদের ক্ষমতায়ন করা (Empowerment) অধিকতর কর্মক্ষমতা বৃদ্ধির মাধ্যমে।

AI এখানে একজন কো-পাইলট হিসাবে কাজ করবে যা কর্মীদের দ্রুত এবং নির্ভূল ভাবে কাজ করতে সাহায্য করবে। এর ফলে তারা সাধারণ কর্মী থেকে উচ্চমানের নলেজ ওয়ার্কার এ রুপান্তরিত হবে। ফলাফল হিসাবে যা তৈরি হবে তাহলো অপারেশনাল ইন্টিগ্রিটি বা কার্যগত সততা। যখন একটি সিষ্টেম নির্ভুল এবং দ্রুতগতির হয় তখন সেখানে দুর্নীতির সুযোগ নিজে থেকেই বন্ধ হয়ে যায়।

প্রস্তাবনাঃ

ক) দুর্নীতির পঞ্চভূজ অবকাঠামো দূরীকরণের ক্ষেত্রে পুরোনো মান্ধাতা আমলের সিষ্টেম বা কারিগরি জ্ঞানশূন্যতাকে আধুনিক প্রযুক্তির মাধ্যমে আপগ্রেড করতে হবে।

খ) পুরানো সব সফটওয়্যার বা হার্ডওয়্যার ফেলে দেয়া ব্যয়বহুল এবং ঝুঁকিপূর্ণ। এক্ষেত্রে যে কৌশল অবলম্বন করা যায় তা হলো বিদ্যমান পদ্ধতির উপর একটি AI Layer বা কৃত্রিম বুদ্ধিমত্তার প্রলেপ দেয়া যা পুরোনো ডাটাকে রিড করবে এবং আধুনিক বিশ্লেষনী ক্ষমতা (Analysis) যোগ করবে।

গ) আর্থিক স্বচ্ছতার ক্ষেত্রে AI প্রতিটি লেনদেন রিয়েল টাইমে পর্যবেক্ষণ করবে। কোন অসঙ্গতি দেখা দিলে তা সাথে সাথে flag করবে। কর্মীদের জন্য পেশাগত দক্ষতার ক্ষেত্রে AI হবে একজন ব্যক্তিগত মেন্টর বা সাহায্যকারী-পাইলট।

ঘ) AI কে পুলিশ হিসাবে না বরং সুরক্ষা কবচ হিসাবে উপস্থাপন করতে হবে। AI, কর্মীদের কাজকে করবে নির্ভূল (zero-error) এবং দ্রুতগতির। এতে কর্মীদের কাজের মান বাড়বে এবং তারা নিজেদের কাজে গর্ববোধ করবে।

ঙ) দুর্নীতি মূলতঃ সিষ্টেমের ধীরগতি এবং ভূল এর সুযোগের মাধ্যমে জন্মায়। যখন একটি সিষ্টেম AI এর মাধ্যমে দ্রুত কাজ করবে এবং কোন ভুলের সুযোগ রাখবে না, তখন দুর্নীতির Pentagon নিজে থেকেই ভেঙ্গে পড়বে।

আমাদের লক্ষ্য হলো একটি প্রফেশনাল এক্সিলেন্স মডেল তৈরী করা। যেখানে প্রযুক্তি (Technology) এবং নীতিশাস্ত্রের (Ethics) এর সমন্বয় ঘটবে। আমরা মনে করি, পুরনো ব্যবস্থার আমূল পরিবর্তনের চেয়ে তার উপর আধুনিক AI টুলের স্তর স্থাপন করা বেশি কার্যকর। এটি একদিকে যেমন আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করে দুর্নীতি প্রতিরোধ করে অন্যদিকে কর্মীদের কারিগরি সক্ষমতা বাড়িয়ে তাদের উচ্চমানের 'নলেজ ওয়ার্কার' হিসাবে গড়ে তোলে। দ্রুতগতি এবং নির্ভূলতাই হবে আমাদের সংস্কারের মূল ভিত্তি। পেশাদারী উৎকর্ষতা অর্জনে কৃত্তিম বুদ্ধিমত্তার সঠিক প্রয়োগ ঘটানো অতীব প্রয়োজন। বীমা সংশ্লিষ্ট সকলের সুদৃষ্টি কামনা করছি।

কাজী মো: মোরতুজা আলী
মহাপরিচালক-বাংলাদেশ ইনষ্টিটিউট ফর প্রফেশনাল ডেভেলপমেন্ট (বিআইপিডি) লিঃ

বিআইপিডি সংবাদ

বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন (BIA) প্রেসিডেন্ট-এর ধন্যবাদ জ্ঞাপন

বিআইএ/পিআরডি/০৩/২০২৬-৮৮(১২)
১৬ই মার্চ ২০২৬

কাজী মোঃ মোরতুজা আলী, এসিআইআই
মহাপরিচালক
বাংলাদেশ ইনষ্টিটিউট ফর প্রফেশনাল ডেভেলপমেন্ট লিমিটেড (বিআইপিডি)
দিলকুশা সেন্টার (৯ম তলা)
২৮ দিলকুশা বা/এ
ঢাকা-১০০০

বিষয় ঃ শুভেচ্ছা ও অভিনন্দন বার্তার জন্য ধন্যবাদ জ্ঞাপন।

জনাব,
আসসালামু আলাইকুম

আপনার ১৫ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখের পত্রটি হাতে পেয়েছি। শরিয়তপুর-১ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হওয়ায় আপনি এবং বিআইপিডি পরিবার আমাকে যে উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন, তার জন্য আমি আন্তরিকভাবে কৃতজ্ঞতা প্রকাশ করছি।

বীমা শিল্পের পেশাদারিত্ব এবং মানবসম্পদ উন্নয়নে বিআইপিডি-র ভূমিকা প্রশংসনীয়। আমি বিশ্বাস করি, আপনাদের সকলের সম্মিলিত সহযোগিতা এবং প্রচেষ্টায় দেশের বীমা খাত ও সামগ্রিক অর্থনীতি এক নতুন উচ্চতায় পৌঁছাবে। দেশের মানুষের কল্যাণে এবং বীমা শিল্পের প্রসারে আমার প্রচেষ্টা ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

আমি বিআইপিডি-র সকল কার্যক্রমের উত্তরোত্তর সমৃদ্ধি এবং আপনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

সাইদ আহমেদ, এমপি
প্রেসিডেন্ট
বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন

আস্থা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লি:-এর মূখ্য নির্বাহী কর্মকর্তার ধন্যবাদ জ্ঞাপন

সূত্র: এএলআইসি/ডিও-০১ তারিখ: ০১ ফেব্রুয়ারী ২০২৬

কাজী মোঃ মোরতুজা আলী, এসিআইআই
মহাপরিচালক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্রফেশনাল ডেভেলপমেন্ট
দিলখুশা সেন্টার (১০ম তলা, স্যুট # ৯০৪)
২৮, দিলখুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

জনাব

আসসালামু আলাইকুম। আস্থা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর মূখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে আমার নিয়োগ উপলক্ষ্যে প্রেরিত আপনাদের অভিনন্দন ও শুভেচ্ছা বার্তা আমি শ্রদ্ধা ও আনন্দভরে গ্রহণ করছি।

বীমা শিল্পে দক্ষ কর্মী গড়ে তোলার ক্ষেত্রে বিআইপিডির ভূমিকা অপরিসীম এবং এই শিল্পের অগ্রগতিতে আপনার সুযোগ্য নেতৃত্বে প্রতিটি কার্যক্রম অনুকরণীয় হয়ে থাকবে বলে আমি আশাবাদী। আমাদের সকলের সার্বিক প্রচেষ্টা ও আন্তরিকতায় বীমা শিল্প কাংখিত লক্ষ্য ও উত্তরোত্তর সমৃদ্ধি অর্জনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

আপনাদের সার্বিক সহযোগিতা আস্থা লাইফের আগামী দিনে চলার পথে অনুপ্রেরণা যোগাবে। অতীতের ন্যায় বিআইপিডির সকল কার্যক্রমে আস্থা লাইফের পক্ষ থেকে সহযোগিতা অব্যাহত থাকবে এবং বীমা শিল্পের উন্নয়নে একত্রে কাজ করার প্রয়াসে এই কোম্পানী বদ্ধপরিকর।

আস্থা লাইফ পরিবারের পক্ষ থেকে আপনাকে ও বিআইপিডির সকল সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানাচ্ছি।

আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদান্তে-
আপনারই একান্ত



ব্রিগেডিয়ার জেনারেল শাহ্ সগিরুল ইসলাম
এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি (অবঃ)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
আস্থা লাইফ ইন্সুরেন্স কোম্পানী লিমিটেড
এসকেএস টাওয়ার, মহাখালী, ঢাকা-১২০৬

BIPD

BANGLADESH INSTITUTE FOR PROFESSIONAL DEVELOPMENT

বিআইপিডি আয়োজিত অনলাইন প্রোগ্রাম

CONTINUOUS PROFESSIONAL LEARNING

শেখা হোক অবিরাম, দক্ষতায় হোক উৎকর্ষ অর্জন

01 কোর্সের প্রেক্ষাপট:

বাংলাদেশ ইনস্টিটিউট ফর প্রফেশনাল ডেভেলপমেন্ট (বিআইপিডি) বীমা খাতের পেশাজীবীদের জন্য একটি ধারাবাহিক শিক্ষামূলক উদ্যোগ হিসেবে Continuous Professional Learning (CPL) Program চালু করছে। প্রতি ১৫ দিন অন্তর আয়োজিত এই প্রোগ্রামে বীমা শিল্পের সমসাময়িক বিষয়, বাস্তব অভিজ্ঞতা, নীতি ও বিধিমালা, প্রযুক্তির ব্যবহার এবং ভবিষ্যৎ চ্যালেঞ্জ নিয়ে আলোচনা করা হবে।

02 কোর্সের বৈশিষ্ট্য:

- বীমা বাজারের বাস্তবতা এবং চ্যালেঞ্জসমূহ বিশ্লেষণ।
- প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা, কাজের চ্যালেঞ্জ ও সাফল্যগল্প বিনিময়।
- সহজ ভাষায় স্বতর্স্ফূর্তভাবে কৌশলসমূহ গল্পের মতো পরিবেশন।
- ১৫ দিন পর পর প্রতি বিষয়ে ২ ঘন্টার সেশন পরিচালনা।
- সম্পূর্ণ কোর্স শেষে MCQ পরীক্ষার গ্রহণ ও সার্টিফিকেট প্রদান।
- বীমা শিল্পের বিশেষজ্ঞ ও পেশাজীবিদের মাধ্যমে ক্লাস পরিচালনা।
- সমসাময়িক ও বাস্তবধর্মী বিষয়বস্তুর আলোকে কোর্সসূচী প্রবর্তন।
- প্রশ্নোত্তর ও অভিজ্ঞতা বিনিময়ের উপর বিশেষ গুরুত্ব দেওয়া।
- শিক্ষার্থীদের রেফারেন্স বই থেকে পাঠ দান করা।
- মিড-টার্ম পরীক্ষা ও প্রশ্ন উত্তর সেশন।

03 যাদের জন্য বিশেষ উপযোগী:

সকল বীমা কোম্পানির কর্মকর্তা ও নির্বাহী, বিভাগীয় প্রধান ও ব্যবস্থাপক, আন্ডাররাইটিং, ক্লেইমস, মার্কেটিং ও অপারেশনস পেশাজীবী, ব্যাংক ও ব্যাংকাস্যুরেন্স সংশ্লিষ্ট কর্মকর্তা, বীমা এজেন্ট ও ডেভেলপমেন্ট অফিসার, বীমা বিষয়ে আগ্রহী শিক্ষার্থী ও গবেষক।

04 কোর্সের উদ্দেশ্য:

বীমা প্রতিষ্ঠানের ডেস্ক ও মাঠ পর্যায়ের বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের বীমার প্রতি আগ্রহ বৃদ্ধি এবং লক্ষ্য বাস্তবায়নে ইতিবাচক ভূমিকা পালনে পরামর্শ প্রদান।

05 শিক্ষার্থীর ন্যুনতম যোগ্যতা:

- সার্টিফিকেট কোর্সের জন্য: এইচএসসি অথবা সমমান পাস।
- ডিপ্লোমা কোর্সের জন্য: ডিগ্রি/স্নাতক/সমমান পাস অথবা বিআইপিডি'র "সার্টিফিকেট কোর্স" উত্তীর্ণ।

সার্টিফিকেট কোর্সের বিষয়াবলী

১. বীমা কিভাবে কাজ করে?
২. বীমা পেশার গুরুত্ব ও সম্ভাবনা
৩. ঝুঁকি নিরসনে বীমা: ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি ও প্রক্রিয়া
৪. বীমা এজেন্টের দায়িত্ব ও কর্তব্য
৫. গ্রাহকের অধিকার ও দায়িত্ব: গ্রাহক হয়রানির কারণ ও প্রতিকার
৬. বীমা পেশাজীবীদের মধ্যে পেশাদারিত্ব বৃদ্ধির উপায়
৭. জাতীয় অর্থনৈতিক উন্নয়নে বীমা ব্যবসার অবদান ও উন্নয়ন
৮. বীমা সচেতনতা সৃষ্টিতে বীমাকর্মীর ভূমিকা

জনপ্রতি কোর্স ফি: ৪,০০০/- (ভ্যাট ও ট্যাক্সসহ)

ডিপ্লোমা কোর্সের বিষয়াবলী:

১. গ্রাহক সেবার মান উন্নয়নে ব্যবস্থাপনার ভূমিকা
২. বীমা ব্যবসা প্রসারে প্রেষণা
৩. সঠিক প্রিমিয়াম নির্ণয়ে সঠিক অবলিখনের সম্পর্ক
৪. বীমা বিপণনে প্রযুক্তির (IT) ব্যবহার
৫. ব্যাংকাস্যুরেন্স-এর ক্রিয়া-প্রতিক্রিয়া
৬. বীমা দাবি নিষ্পত্তি ও চ্যালেঞ্জসমূহ
৭. বীমা খাতে মানবসম্পদ উন্নয়ন এবং বীমা পেশায় নারীর সুবিধা/অসুবিধা
৮. ব্যয় নিয়ন্ত্রণের পদ্ধতি ও কৌশল
৯. বীমা শিল্পে স্বচ্ছতা ও জবাবদিহিতা
১০. বীমা শিল্পে আচরন বিধি (CODE OF CONDUCT)'র প্রচলন ও প্রয়োগ।

জনপ্রতি কোর্স ফি: ৬,০০০/- (ভ্যাট ও ট্যাক্সসহ)

★ কোর্সে অংশগ্রহনের বিশেষ সুবিধাসমূহ ★

- ক্লাস হবে প্রতি ১৫ দিন পর পর
- প্রতি ক্লাস ২ ঘন্টা
- অনলাইন সেশন (লাইভ)
- কোর্স শেষে সার্টিফিকেট প্রদান
- প্রশ্নোত্তর ও অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ

রেজিস্ট্রেশন শুরুর সময়
১৫ জুলাই, ২০২৬।

রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগ করুন

জনাব মোঃ মোশফেকুল করীম
সিনিয়র এক্সিকিউটিভ অফিসার (ট্রেনিং এবং মার্কেটিং)
মোবাইলঃ ০১৭১১-৫৭৯৪৭৫
E-mail: dg@bipdedu.org

জনাব মোঃ আরিফুর রহমান
সিনিয়র বিজনেস প্রমোশন অফিসার ও পিএস টু ডিজি
মোবাইল: ০১৯১১-৬২০৫২৯
E-mail: info@bipdedu.org

SCAN ME

www.bipdedu.org | BIPD – Building Professional Excellence | Empowering Professionals, Enriching Future

বীমা শিল্পে একচ্যুয়ারি এবং বাংলাদেশে এই পেশার গুরুত্ব ও অবস্থা

জনাব মুহাম্মদ নুরুল আলম চৌধুরী
ব্যবস্থাপনা পরিচালক
সাউথ এশিয়া ইন্স্যুরেন্স কোঃ লিঃ

একচ্যুয়ারি কি এবং বীমা শিল্পে একচ্যুয়ারি কেন? অনেকের প্রশ্ন এসে যায়। একচ্যুয়ারি মুলত এসেছে Latin শব্দ Actuarius থেকে, যার অর্থ হলো হিসাব রক্ষক বা তথ্য সংরক্ষণকারী। একচ্যুয়ারি হলো বীমা গাণিতিক বিজ্ঞান। এটি এমন একটি বিদ্যা যা প্রাকৃতিক ঘটনাবলীর নিয়মিত পর্যবেক্ষণে গাণিতিক এবং পরিসংখ্যানগত পদ্ধতি প্রয়োগ গরে ঘটনাবলীর ঝুঁকি ও অনিশ্চয়তা মূল্যায়ন করা হয়। এই পদ্ধতি বা এই নীতি প্রণয়ণে কোম্পানী এবং গ্রাহকদের ওপর এর আর্থিক প্রভাব কমিয়ে আনে। উইলিয়াম মরগান এফআরএস একজন ব্রিটিশ নাগরিক যার জন্ম হয় ২৩ মে, ১৭৫০ সালে এবং মৃত্যু ০৪ মে, ১৮৩৩ সালে। যিনি চিকিৎসক, পদার্থবিদ এবং পরিসংখ্যানবিদ, যাকে একচ্যুয়ারিয়াল বিজ্ঞানের আধুনিক জনক হিসেবে বিবেচনা করা হয়। উইলিয়াম মরগান তিনিই পৃথিবীর প্রথম একচ্যুয়ারি, যিনি ১৭৭৪ সালে Equitable Life Assurance Society নামক বিশ্বের প্রথম জীবন বীমা প্রতিষ্ঠানে Actuar হিসেবে হিসেবে নিযুক্ত হন এবং উক্ত প্রতিষ্ঠানে তিনি ৫৬ বছর কাজ করেছিলেন। সেখানে তিনি প্রতি বছর বীমা তহবিলের হিসাব, ঝুঁকি বিশ্লেষণ, মৃত্যুহার ও প্রিমিয়াম নির্ধারণ ইত্যাদি তথ্যের উপর ভিত্তি করে বিস্তারিত রিপোর্ট তৈরি করেন। এই রিপোর্টগুলোই ইতিহাসে প্রথম Actuarial Report নামে পরিচিত হয়।

মরগানের সময়কালে জীবন বীমার ধারণাটি ছিল নতুন। মানুষের তখনও জীবন বীমার ভবিষ্যতের আর্থিক নিরাপত্তা বা গুরুত্ব সম্পর্কে ধারণা মাত্রই ছিল না। কিন্তু মরগান তাঁর প্রজ্ঞা, দক্ষতা ও দূরদর্শিতার মাধ্যমে বীমা নীতিতে এক বৈপ্লবিক পরিবর্তন নিয়ে আসেন। তিনি বয়স, মৃত্যুহার, লাভের হার এবং আর্থিক ঝুঁকি ইত্যাদির ওপর ভিত্তি করে মডেল তৈরি করেন, যা বীমা প্রিমিয়াম নির্ধারণে সহায়তা করে। এই পদ্ধতিই আজ একচ্যুয়ারি বিজ্ঞানের ভিত্তি স্থাপন করেছে।

সাধারণত: পেশাদার ব্যক্তিকে একচ্যুয়ারি বলা হয়। একচ্যুয়ারি বীমা, পেনশন ও আর্থিক শিল্পে জড়িত থাকেন। একচ্যুয়ারি হলেন এমন একজন ব্যক্তি যিনি ব্যবসায়িক নির্বাহী, গাণিতিক, অর্থদাতা, সমাজবিজ্ঞানী এবং বিনিয়োগ ব্যবস্থাপকের সমন্বয়। এক কথায় একচ্যুয়ারি হলেন সমস্যা সমাধানকারী যারা ভবিষ্যতের ঘটনাগুলোর আর্থিক, অর্থনৈতিক এবং অন্যান্য ব্যবসায়িক প্রয়োগগুলো সংজ্ঞায়িত, বিশ্লেষণ এবং সমাধান করার জন্য একচ্যুয়ারিয়াল বিজ্ঞান ব্যবহার করেন।

একচ্যুয়ারি একটি সম্মানজনক পেশা। এই পেশায় যেমন যথেষ্ট মর্যাদা রয়েছে তেমনি চাকুরিক্ষেত্রে একজন একচ্যুয়ারি একজন চাটার্ড একাউন্ট্যান্ট থেকে বেশি আয় করে থাকেন। দুঃখজনকভাবে সত্য যে বাংলাদেশে এখনো একচ্যুয়ারি পেশাটি যথাযথভাবে গড়ে ওঠেনি। আমাদের দেশে মাত্র চার জন একুচ্যয়ারি কাজ করছেন যা পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় অনেক কম। অথচ বাংলাদেশে লাইফ এবং নন-লাইফ বীমার সংখ্যা মোট ৮২(বিরাশি)। আমাদের প্রতিবেশী দেশ ভারতে রয়েছে ৬০০ জন একচ্যুয়ারি, মালয়েশিয়ায় ১৬৪ জন এবং পাকিস্তানে ৮৮ জন। তবে সাম্প্রতিককালে বীমা খাতের প্রসার ও অর্থনৈতিক সচেতনতা বৃদ্ধির ফলে এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ (আইডিআরএ) এর প্রত্যক্ষ সহযোগিতায় ধীরে ধীরে একচ্যুয়ারি বিষয়ে বীমা কর্মীদের আগ্রহ বাড়ছে।

বাংলাদেশে একচ্যুয়ারির যথেষ্ট সংকট রয়েছে। কেননা আমাদের দেশে এর যথাযথ মূল্যায়ন ও চাকুরির সুবিধা দেয়া হয়না। যার কারণ ভালো ছাত্রগুলো দেশ ছেড়ে চলে যাচ্ছে। একচ্যুয়ারি ছাড়া বীমা শিল্প চলতে পারেনা। যদি প্রত্যেক কোম্পানীতে একজন করে একচ্যুয়ারি থাকেন তাহলে এই খাতের ভিত্তি আরো মজবুত হবে। উন্নত দেশে একচ্যুয়ারিয়াল ডিগ্রিকে অত্যন্ত মর্যাদাপূর্ণ ও উচ্চ আয় সম্পন্ন পেশা হিসেবে বিবেচনা করা হয় বলে তাদের বীমা খাত টেকসই উন্নয়ন হিসেবে বিশ্বে পরিচিত। একচ্যুয়ারির কর্মক্ষেত্র অনেক যেমন-জীবন বীমা, সাধারণ বীমা, পেনশন, গ্র্যাচুইটি, ভবিষ্যৎ তহবিল, স্কীম মূল্যায়ন, ব্যাংকিং ও আর্থিক সেবাসমূহ, তথ্য প্রযুক্তির ক্ষেত্র, শিক্ষা ও প্রশিক্ষণের ক্ষেত্র ইত্যাদি।

বাংলাদেশে বীমা খাতে একচ্যুয়ারির সংকট নিরসনে যেসব পদক্ষেপগুলো নেয়া উচিৎ বলে আমি মনে করি তা হলো-

১) বীমা খাতে দক্ষ জনবল নিয়েগ দেয়া;

২) এই সেক্টরে বর্তমানে যারা কাজ করছেন তাদের সন্তানদের বীমা পেশায় উদ্বুদ্ধ করা;

৩) একচ্যুয়ারি পেশা সম্পর্কে বিভিন্ন সময়ে সভা-সেমিনার ও কর্মশালা ইত্যাদি অনুষ্ঠান এর মাধ্যমে জনগনের মধ্যে সচেতনতা সৃষ্টি করা;

৪) যেসব একচ্যুয়ারি বাংলাদেশের নাগরিক অথচ দেশের বাহিরে অবস্থান করছেন তাঁদের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখা;

৫) স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলোর পাঠ্য বইতে বীমা বিষয়ের পাশাপাশি একচ্যুয়ারি বিষয় অন্তর্ভূক্ত করা;

৬) সরকারি-বেসরকারি যেসব প্রতিষ্ঠানে বীমা সম্পর্কে ট্রেনিং এর ব্যবস্থা থাকে সেখানে একচ্যুয়ারিয়াল বিজ্ঞান বিষয়ে পাঠদানের ব্যবস্থা করা;

৭) বর্তমানে কোম্পানীগুলোতে একচ্যুয়ারিয়াল ট্রেইনি অফিসার হিসেবে দুটো পদ সৃষ্টি করা;

৮) বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন (বিআইএ) কর্তৃক 'ডিপ্লোমা ইন একচ্যুয়ারিয়াল সাইন্স' কোর্সে সরকারি পৃষ্ঠপোষকতা প্রদান করা;

৯) বাংলাদেশে 'বংলাদেশ ইন্স্যুরেন্স ইন্সটিটিউট অব একচ্যুয়ারি' প্রতিষ্ঠা করা;

১০) বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন (বিআইএ) ও বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ (আইডিআরএ) এর কর্মকর্তা, একচ্যুয়ারি এবং অভিজ্ঞ বীমাবিদদের নিয়ে একটি স্টিয়ারিং কমিটি গঠন করা;

মোদ্দা কথা, দেশের অর্থনৈতিক উন্নয়নে বীমা এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সুতরাং বীমা শিল্পের উন্নয়ন এবং এই শিল্পের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী ও গ্রাহকদের সুরক্ষার জন্য একচ্যুয়ারি অবশ্যই প্রয়োজন। কেননা একচ্যুয়ারি ছাড়া বীমা চলতে পারেনা। এছাড়া একচ্যুয়ারির জনক উইলিয়াম মরগান, যিনি ছিলেন ভবিষ্যৎ অর্থনৈতিক নিরাপত্তা ব্যবস্থার স্থপতি, তাঁর নীতি এবং আদর্শ আমাদের অনুসরণ করা উচিৎ। কেননা একচ্যুয়ারি বিজ্ঞানের প্রতিটি অধ্যায়েই মরগানের ছায়া বিরাজমান। তাঁর কাজের মাধ্যমেই মানুষ বুঝেছে গণিত শুধু সংখ্যার খেলা নয়, এটি মানুষের ভবিষ্যতের আর্থিক সুরক্ষার এক বাস্তব হাতিয়ার।

বিআইপিডি কর্তৃক আয়োজিত “রচনা প্রতিযোগিতা”
পুরষ্কার/সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠান

বাংলাদেশ ইনস্টিটিউট ফর প্রফেশনাল ডেভেলপমেন্ট (বিআইপিডি) কর্তৃক আয়োজিত **“প্রতিবেশী অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশের বীমা খাতের তথ্যভিত্তিক পর্যালোচনা ও উত্তরণের উপায়”** শীর্ষক উন্মুক্ত রচনা প্রতিযোগিতার পুরষ্কার বিতরনী অনুষ্ঠান গত ১৩ মে, ২০২৬ তারিখ বিকাল ৩:০০ টায় প্রিমিয়ার ব্যাংক পিএলসি-এর হেড অফিস “ইকবাল সেন্টার (লেভেল-৯), ৪২ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকায়” অনুষ্ঠিত হয়। বিআইপিডি আয়োজিত এই অনুষ্ঠানে সহায়তা করেছে প্রিমিয়ার ব্যাংক পিএলসি।

পুরষ্কার বিতরনী অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন বিআইপিডির সম্মানিত চেয়ারম্যান এবং প্রাইম ইসলামী ইন্স্যুরেন্স পিএলসি’র সম্মানিত চেয়ারম্যান এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ম্যাথম্যাটিক্স ও ফিজিক্স বিভাগের প্রফেসর ডঃ মোহাম্মদ শাহাদাত হোসেন, পিএইচ.ডি। স্বাগত বক্তব্য রাখেন বিআইপিডির মহাপরিচালক জনাব কাজী মোঃ মোরতুজা আলী, এসিআইআই।

রচনা প্রতিযোগিতার বিজয়ীরা হলেনঃ

স্থান	বিজয়ীগণের নাম	শিক্ষা ও অভিজ্ঞতা
প্রথম	সাদিয়া আফরিন মমি	এমবিএ (ব্যাংকিং ও বীমা), চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
দ্বিতীয়	মোঃ রাইছুল হক	ম্যানেজার, এজি এ্যাগ্রো ফুডস্ লিমিটেড
তৃতীয়	আব্দুর রহমান সুলতান, ABIA, Cert CII	ম্যানেজার (ট্রিটি এন্ড ফ্যাকাল্টেটিভ), জেবি বোডা গ্রুপ
চতুর্থ	ডা. সাবরিনা মনসুর	এম.বি.বি.এস, ঢাকা মেডিকেল কলেজ
পঞ্চম	মো: আবদুল্লাহ আল কোরাইশ	এমএসসি ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল), ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. মো. শহিদুল ইসলাম জাহিদ, চেয়ারম্যন ব্যাংকিং ও বীমা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। বিশেষ অতিথি ছিলেন দ্যি প্রিমিয়ার ব্যাংক পিএলসি-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মনজুর মফিজ এবং এফভিপি, গবেষণা ও উন্নয়ন প্রধান এবং হেড অব ব্যাংকাসুরেন্স জনাব নুরুল আলম।

অনুষ্ঠানে সমাপনি বক্তব্য ও ধন্যবাদ জ্ঞাপন করেন অধ্যাপক ড. এম. কায়কোবাদ, চেয়ারম্যান-একাডেমিক কাউন্সিল, বিআইপিডি এবং বিশিষ্ট প্রফেসর, ব্র্যাক বিশ্ববিদ্যালয়।

পুরস্কারপ্রাপ্ত বিজয়ীদের পরিচিতি ও রচনার মূল বিষয়

১ম পুরস্কার বিজয়ী

- **Name: SADIA AFRIN MOMI**
- **Work Experience:**
  - Internship (Deposit Section Management), Janata Bank PLC. University of Chittagong
- **Academic Qualification:**
  - Master of Business Administration (MBA), University of Chittagong, Major in Banking & Insurance
  - Bachelor of Business Administration (BBA), University of Chittagong, Major in Banking & Insurance
  - Higher Secondary Certificate (HSC), Chittagong University College, Business Studies

১ম পুরস্কার বিজয়ীর Key Points

১. বাংলাদেশের বীমা খাতের সংক্ষিপ্ত ইতিহাস

২. বাংলাদেশের বীমা খাতের তথ্যভিত্তিক চিত্র

৩. প্রতিবেশী দেশগুলোর বীমা খাতের তুলনামূলক চিত্র (ভারত, পাকিস্তান, নেপাল, শ্রীলঙ্কা ও ভুটান)

৪. বাংলাদেশের বীমা খাত: প্রতিবেশীদের তুলনায় বাস্তবতা

* কভারেজ সচেতনতা
* ডিজিটাল অগ্রগতি
* আস্থা ও স্বচ্ছতা
* নীতি ও নিয়ন্ত্রক শক্তি

৫. বাংলাদেশের বীমা খাত: প্রতিবেশীদের তুলনায় পিছিয়ে থাকার কারন ও উত্তরণের পথ

৬. বাংলাদেশের বীমা খাতের উত্তরণের সম্ভাবনা

* ব্যাংকাসুরেন্স স্কেল-আপ
* ডিজিটাল ক্লেইম প্রসেসিং ও ই-পলিসি
* রিস্ক-বেসড সুপারভিশন (RBS) ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা
* Claim Settlement-এ বেস্ট প্রাকটিস
* জন-সচেতনতা বৃদ্ধি
* ক্লাইমেট রিস্ক ইনস্যুরেন্স/কৃষি বীমা
* Reinsurance Market Development
* Corporate Governance & ESG Integration
* স্বাস্থ্যবীমা ও Universal Health Coverage (UHC)

- **Name: MD. RAISUL HOQUE**
- **Work Experience:**
  - Manager (Finance), AG Agro Foods Limited (Ahsan Group)
- **Professional Qualification:**
  - Chartered Accountancy Course Completed (CACC) Under Institute of Chartered Accountant Bangladesh
  - M.A. Mallik & Co. (Chartered Accountant)
- **Academic Qualification:**
  - Master of Business Studies (Accounting), National University

২য় পুরস্কার বিজয়ী

২য় পুরস্কার বিজয়ীর Key Points

১. বাংলাদেশের বীমা খাত: বর্তমান অবস্থা

* বীমার প্রবেশ ও ঘনত্ব
* বীমার উপার্জন ও বৃদ্ধি
* দাবী নিষ্পত্তি
* জনসচেতনতা ও বিশ্বাসের ঘাটতি
* বিভিন্নতা ও পণ্যের বৈচিত্র
* নিয়ন্ত্রণ ও নৈতিকতা
* অর্থায়ন ও পুঁজির অবস্থা

২. প্রতিবেশীদের সঙ্গে তুলনা (ভারত, পাকিস্তান ও শ্রীলঙ্কা)

৩. মূল সীমাবদ্ধতা ও চ্যালেঞ্জ

* বিশ্বস্ততার অভাব
* সচেতনতার ঘাটতি
* গ্রামীণ অঞ্চলের প্রবেশের অভাব
* পণ্য ও পলিসির বৈচিত্র কম
* নিয়ন্ত্রক তদারকি ও আইনগত কাঠামোর দুর্বলতা
* আর্থিক ও পুঁজি সংক্রান্ত সমস্যা
* প্রযুক্তি ও ডিজিটাল সেবা কম ব্যবহার

৪. উত্তরনের উপায়-সুপারিশ

* বিশ্বাস ও স্বচ্ছতা প্রতিষ্ঠা করা
* নিয়ন্ত্রণ শক্তিশালী করা ও আইন সংস্কার
* জনসচেতনতা ও শিক্ষা
* গ্রামীণ ও নিম্ন-আয় অঞ্চলে প্রবেশ বাড়ানো
* পণ্য বৈচিত্র ও উদ্ভাবন
* প্রযুক্তি ও ডিজিটাল সেবা গ্রহণ
* আর্থিক সুসংগঠন ও পুঁজিবৃদ্ধি
* নিয়মিত পরিমাপ ও তথ্য সংগ্রহ
* মূলধন ও বিনিয়োগ উদ্দীপক নীতি
* সমবায় ও অংশীদারিত্ব বৃদ্ধি

৫. একটা সম্ভাবনাময় লক্ষ্য: ১০% GDP অংশ

৫-১০ বছরের বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা (Action Plan)

* স্বল্পমেয়াদী (১-২) বছর
* মধ্যমেয়াদী (২-৫) বছর
* দীর্ঘমেয়াদী (৬-১০) বছর

৩য় পুরস্কার বিজয়ী

- **Name: ABDUR RAHMAN SULTAN, ABIA, Cert. CII**
- **Work Experience:**
  - Manager (Treaty & Facultative), JB Boda Group
  - Senior Manager (Reinsurance), Pragati Insurance PLC.
- **Professional Training & Skills:**
  - Cert. CII (UK), Certified Insurer from Chartered Insurance Institute (CII-UK)
  - Comprehensive Training on Insurance Operation.
  - Training on Digital Transformation in Insurance
  - Reinsurance Treaty & Facultative Management
  - Insurance Operation & Risk Analysis
- **Academic Qualification:**
  - Master of Business Administration (MBA), Banking & Insurance, University of Dhaka.
  - B.Sc. In Textile Engineering, Primeasia University

৩য় পুরস্কার বিজয়ীর Key Points

১. বাংলাদেশে বীমা খাতের ইতিহাস ও বর্তমান অবস্থা

২. প্রতিবেশী দেশের সাথে তুলনা (বৈশ্বিক, বাংলাদেশ, ভারত, পাকিস্তান, মালয়েশিয়া ও নেপাল)

৩. বীমা খাতের সমস্যাসমূহ

* উচ্চ এজেন্ট কমিশন
* অসুস্থ প্রতিযোগিতা
* যোগ্য পেশাজীবির অভাব
* দুর্বল মার্কেটিং ও জনসচেতনতার অভাব
* জটিল নীতিমালা ও শর্তাবলী
* প্রযুক্তিগত দুর্বলতা
* প্রশিক্ষণের অভাব
* দুর্বল নিয়ন্ত্রক কাঠামো
* সীমিত পণ্য বৈচিত্র ও অর্থনৈতিক সীমাবদ্ধতা
* বীমা খাতের প্রতি দীর্ঘকালীন অবহেলা

৪. বীমা খাতের সমস্যাগুলো থেকে উত্তরণের উপায়

* সুশাসন ও স্বচ্ছতা প্রতিষ্ঠা
* বীমা কোম্পানির সংখ্যা হ্রাস ও খাতের স্থিতিশীলতা
* আইন ও নীতিমালার আধুনিকায়ন
* দক্ষ জনবল ও প্রশিক্ষণ
* গ্রাহক আস্থা অর্জন
* প্রযুক্তি ও ডিজিটালাইজেশন
* বীমা পণ্যের বৈচিত্র বৃদ্ধি
* আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিতকরণ
* নিয়ন্ত্রক সংস্থার দক্ষতা বৃদ্ধি
* জনসচেতনতা ও শিক্ষা
* বীমার নিম্ন প্রবেশহার
* আন্তর্জাতিক সহযোগিতা

বিআইপিডি কর্তৃক আয়োজিত পার্টিসিপেটরি কোর্স

“AI for All: Transforming Industries, Empowering the Future”

বাংলাদেশ ইনস্টিটিউট ফর প্রফেশনাল ডেভেলপমেন্ট (বিআইপিডি) প্রথম বারের মত এবিবি লিমিটেড এর সকল অফিস কর্মকর্তাদের জন্য **“AI for All: Transforming Industries, Empowering the Future”** শীর্ষক একটি অংশগ্রহণমূলক প্রশিক্ষণের আয়োজন করেছে। দিনব্যাপী এই পার্টিসিপেটরি কোর্সটি গত ০৭ জুন, ২০২৬ তারিখে সেঞ্চুরী ভিলা, বনানী, ঢাকায় অনুষ্ঠিত হয়েছে।

এতে প্রশিক্ষক হিসেবে বিস্তারিত আলোচনা করেন সোনালী ব্যাংক পিএলসি এর ইসলামী ব্যাংকিং বিভাগের প্রিন্সিপাল অফিসার ড. জাহিদুজ্জামান, সিআইপিএ,সিএসএএ, পিএমপি,সিআইএসএ,সিএসসিএ,সিবিপি,সিআইএফই এবং ফ্রেডো ক্লাউড, দুবাই-এর কো-ফাউন্ডার এন্ড সিইও জনাব শাহজাহান মোঃ স্বজন। বক্তাগণ তাদের আলোচনায় দৈনন্দিন অফিস ও বিক্রয় কার্যক্রমে এআই-এর ব্যবহার, প্রক্রিয়া ও পদ্ধতি সম্পর্কে বিশদ আলোচনা করেন।

প্রশিক্ষণ শেষে সমপনী বক্তব্য প্রদান করেন বিআইপিডির মহাপরিচালক জনাব কাজী মোঃ মোরতুজা আলী, এসিআইআই এবং এবিবি লিমিটেড এর সম্মানীত পরিচালক জনাব সুব্রত কুমার দে। জনাব সুব্রত কুমার দে এই প্রশিক্ষণটি আয়োজনের জন্য বিআইপিডির সকল সদস্য, রিসোর্স পার্সন এবং এবিবি লিমিটেড এর সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। ভবিষ্যতে বিআইপিডির সাথে এবিবি লিমিটেড আরও প্রশিক্ষণের আয়োজন করবেন বলে তিনি আশা প্রকাশ করেন। প্রশিক্ষণ শেষে এবিবি লিমিটেড-এর অংশগ্রহণকারী সকলকে সার্টিফিকেট প্রদান করা হয়।

বিআইপিডি আয়োজিত ওয়ার্কশপ

Effective Claims Settlement Program

(Specially designed for Guardian Life Insurance Limited)

Date: 27 June, 2026. Time: 10:00am to 04:30pm

TOPICS OF DISCUSSION:

1. The 4 stages of the claims settlement process
   * Claims Intimation.
   * Documents Required for Claims Processing.
   * Investigation & Fraud Detection Techniques.
   * Approval or Rejection of the Claim.
2. Data analysis and reporting with Conflict Resolution for Grievances related to Rejected Claims.
3. Digital Proficiency for Faster Claims Processing & Settlements of different types of Claims:-
   a. Death Claims
   b. Maturity Claims
   c. Paid-Up Claims
   d. Survival Benefits
   e. Loan adjustment procedure.
4. IDRA guidelines for Control and compliance of Claims.
5. Insurance Claims Settlement process during Fund Shortage.

বিআইপিডি আয়োজিত সার্টিফাইড কোর্স

“Certified Insurance Professional (CIP)”

(Syllabus of Cert. CII-UK)

Session: April-June, 2026. Batch-04

TOPICS OF DISCUSSION:

1. Fundamentals of Insurance

* Understand the nature and main features of risk and insurance
* Know the structure and main features of the insurance market
* Understand the main legal principles governing insurance contracts
* Understand the main regulatory and legal principles applicable to the transaction of insurance business
* Know key aspects of ethics, corporate governance and internal controls

2. Insurance Underwriting Process

* Understand the material circumstances relating to the insurance underwriting process.
* Understand underwriting procedures, insurance policies, renewals and cancellation.
* Understand personal insurances, commercial insurances,
* Understand the main ‘support’ type insurance services available, underwriting considerations.
* Understand the principles and practices of pricing, pricing factors and managing exposure.

3. Insurance Claims Handling

* Understand the general principles in the claims handling process.
* Understand insurance products and associated services.
* Understand claims considerations and administration
* Understand claims handling procedures and related claims services.
* Understand claims handling operations, claims settlement & how expenses are managed?

বিআইপিডি কর্তৃক আয়োজিত অনলাইন ওয়ার্কশপ

“Modern Insurance Survey & Loss Assessment”

বাংলাদেশ ইনস্টিটিউট ফর প্রফেশনাল ডেভেলপমেন্ট লিঃ (বিআইপিডি) আয়োজিত “Modern Insurance Survey & Loss Assessment” শীর্ষক একটি অনলাইন কর্মশালা গত ২০ মে, ২০২৬ ইং অনুষ্ঠিত হয়েছে। এই প্রশিক্ষণটি বিশেষভাবে সার্ভেয়ার, লস অ্যাডজাস্টার এবং সংশ্লিষ্ট পেশাজীবীদের আধুনিক জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজন করা হয়েছে।

কর্মশালায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রগতি ইন্স্যুরেন্স পিএলসি-এর উপ-ব্যবস্থাপনা পরিচালক ও চার্টার্ড ইন্স্যুরার পাপিয়া রহমান, ACII (UK) এবং তিস্তা সার্ভেয়ার্স-এর ইন্স্যুরেন্স লস এডজাস্টার জনাব খন্দকার কায়েস, Cert. CII (UK)।

প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের আধুনিক প্রতিযোগিতামূলক বীমা বাজারে সঠিক সার্ভে, কার্যকর লস অ্যাসেসমেন্ট এবং প্রযুক্তির সহযোগিতায় মানসম্মত পেশাদার রিপোর্ট প্রস্তুতকরণ কৌশল বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।



কর্মশালাটির মূল আলোচ্য বিষয় ছিল :

- Understand the role and responsibilities of a professional surveyor
- Conduct effective site inspections and collect reliable evidence
- Perform accurate loss assessments using standard methods
- Prepare structured and professional survey reports

বিভিন্ন সার্ভে প্রতিষ্ঠানের চেয়ারম্যান, পরিচালক, চীফ সার্ভেয়ার এবং সিনিয়র সার্ভেয়রগন উক্ত কর্মশালাটিতে অংশগ্রহণ করেন।

বিআইপিডি আয়োজিত অনলাইন ওয়ার্কশপ

“Practical Aspects of Marine Cargo Insurance”

(Specially designed for mid/senior executives)

Date: 28 & 29 January, 2026. Time: 10:30 am – 01:30 pm

Topics of Discussion:

1. Role of Marine Cargo Insurance in Developing Trade and Commerce.
2. Types of Marine Cargo Policies.
3. Risks & Perils Involved in Marine Cargo Insurance
4. Institute Cargo Clauses (A.B.C)
5. Process and Procedures of Marine Cargo Claims
6. Role of Banks, Surveyors, Brokers, Traders and C&F Agents/Shipper Agents.

বিআইপিডি কর্তৃক আয়োজিত অনলাইন ওয়ার্কশপ

Critical Issues of Reinsurance Market in Bangladesh

বাংলাদেশ ইনস্টিটিউট ফর প্রফেশনাল ডেভেলপমেন্ট (বিআইপিডি) গত ২৮-২৯ এপ্রিল, ২০২৬ ইং তারিখ সকাল ১০.৩০ হতে দুপুর ০১.৩০ পর্যন্ত “Critical Issues of Reinsurance Market in Bangladesh” বিষয়ক অনলাইন ওয়ার্কশপের আয়োজন করে। উক্ত ওয়ার্কশপে আলোচক হিসেবে অভিজ্ঞতা এবং মূল্যবান বক্তব্য প্রদান করেন-

- **AKM Ehsanul Haque, FCII**
  Former Director
  Sadharan Bima Corporation
  Member-Academic Council, BIPD
- **Abdul Kadir, ASII(SG), ACII(UK)**
  Head-Reinsurance
  Reliance Insurance PLC.
- **Md. Abdullah Al Mamun, ACII**
  Manager-Reinsurance (Fire) Dept.
  Sadharan Bima Corporation.
- **Anwar Ahmed Chowdhury, ABIA**
  Barrister-at-Law,

  Advocate of Bangladesh Supreme Court.

ওয়ার্কশপে বাংলাদেশে পুনঃবীমা বাজারের গুরুত্বপূর্ণ সমস্যা এবং প্রতিবন্ধকতাসমূহ নিয়ে বিশদ আলোচনা করা হয়। আলোচ্য বিষয়াবলী নিম্নরূপ:-

- Role of brokers and their functions in reinsurance business.
- Functions and forms of reinsurance.
- Factors influencing retention.
- Common clauses in reinsurance contracts.
- Issues & challenges of reinsurance business of Bangladesh.
- How to select appropriate nature of underwriter?
- Practical Aspects of Reinsurance in the perspective of Bangladesh.
- Q&A session towards developing reinsurance market in Bangladesh.

বিআইপিডি আয়োজিত বীমা বিক্রয়কর্মী প্রশিক্ষণ কর্মসূচী

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাধ্যতামূলক "এজেন্ট ট্রেনিং প্রোগ্রাম"
অংশগ্রহণে: আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি (মেটলাইফ বাংলাদেশ)
তারিখ: ১৫ ও ১৬ এপ্রিল, ২০২৬ ইং এবং ১১ ও ১২ মে, ২০২৬ ইং

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাধ্যতামূলক "এজেন্ট ট্রেনিং প্রোগ্রাম"
অংশগ্রহণে: রূপালী লাইফ ইনসিওরেন্স পিএলসি.
তারিখ: ১৫ ও ১৬ জুন, ২০২৬ ইং

বিআইপিডি আয়োজিত বীমা বিক্রয়কর্মী প্রশিক্ষণ কর্মসূচী

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাধ্যতামূলক "এজেন্ট ট্রেনিং প্রোগ্রাম"
অংশগ্রহণে: আমেরিকান লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি (মেটলাইফ বাংলাদেশ)
তারিখ: ১৪ মে এবং ১৮ জুন, ২০২৬ ইং

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাধ্যতামূলক "এজেন্ট ট্রেনিং প্রোগ্রাম"
অংশগ্রহণে: প্রগতি লাইফ ইন্স্যুরেন্স পিএলসি. (লক্ষীপুর)
তারিখ: ১৬ ও ১৭ মে, ২০২৬ ইং

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাধ্যতামূলক "এজেন্ট ট্রেনিং প্রোগ্রাম"
অংশগ্রহণে: সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড (নওগাঁ)
তারিখ: ২৫ এপ্রিল, ২০২৬ ইং

বিআইপিডি আয়োজিত বীমা বিক্রয়কর্মী প্রশিক্ষণ কর্মসূচী

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাধ্যতামূলক "এজেন্ট ট্রেনিং প্রোগ্রাম"
অংশগ্রহণে: ডায়মন্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লি: (কক্স-বাজার)
তারিখ: ২০ এপ্রিল, ২০২৬ ইং

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাধ্যতামূলক "এজেন্ট ট্রেনিং প্রোগ্রাম"
অংশগ্রহণে: মেঘনা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি. (বিআইপিডি অডিটোরিয়াম, ঢাকা)
তারিখ: ১১ ও ১২ এপ্রিল, ২০২৬ ইং

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাধ্যতামূলক "এজেন্ট ট্রেনিং প্রোগ্রাম"
অংশগ্রহণে: জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুরেন্স পিএলসি. (কক্স-বাজার)
তারিখ: ০৩ ও ০৪ মে, ২০২৬ ইং

বিআইপিডি কোর্স ক্যালেন্ডার (জুলাই'২৬ - জুন'২৭): প্রস্তাবিত

Sl.	Subject	Month
1.	Workshop on "Insurance Survey and Loss Assessment"	July
2.	Workshop on "Risk Management as applicable in Financial Sector"	August
3.	"Continuous Professional Learning (CPL)" Program	July-September
4.	Workshop on "Accounts, Audit & Compliance for Non-Life Insurance companies"	September
5.	Workshop on "Career Development Path (CDP)"	October
6.	Professional Course on Loss Adjustment (Marine Insurance)	October
7.	Workshop on General Insurance Underwriting.	November
8.	Workshop on "Effective Claim Settlement process (Life Insurance)	November
9.	Certified Insurance Course for "Surveyors and Loss Adjusters"	Nov-Dec
10.	Professional Course on Business Communication	December
11.	Workshop on Low Insurance Market Penetration In Bangladesh: Causes, Effects and Remedies	January'27
12.	Certified Course For Non-Life Insurance (Weekly half day course)	Feb-April'27
13.	Workshop on "Cost-Control: Why & How?"	February'27
14.	Professional Course on "Liability Insurance": Process and Practices	March'27
15.	Workshop on Legal & Business Environment of Insurance	March'27
16.	Professional Course on "Insurance core Principles in Business Operation"	April'2027
17.	Workshop on "Insurance Act, Rules & Regulations"	May'27
18.	Certified Course For "Takaful Professionals" (Weekly half day)	May-June'27

* উপরোক্ত প্রস্তাবিত বিষয়সমূহের উপর আপনার সমর্থন/মতামত/পরামর্শ কামনা করছি।